

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪৮৪

পর্ব-১৬: কিসাস (প্রতিশোধ) (১ হান্)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّالِثُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَعَانَ عَلَى قَتْلِ مُؤْمِنٍ شَطْرَ كَلِمَةٍ لَقِيَ اللَّهَ مَكْتُوبٌ بينَ عينيهِ آيسٌ من رَحْمَة الله» . رَوَاهُ ابْن مَاجَه

বাংলা

৩৪৮৪-[৩৯] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলূল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সামান্য কথার দ্বারাও কোনো মু'মিনের হত্যার ব্যাপারে সহযোগিতা করল, সে এমন অবস্থায় আল্লাহ তা'আলার সাথে সাক্ষাৎ করবে যে, তার কপালের মধ্যে লেখা থাকবে- অর্থাৎ 'আল্লাহর রহমত হতে নিরাশ'। (ইবনু মাজাহ)[1]

ফটনোট

[1] য'ঈফ: ইবনু মাজাহ ২৬২০, য'ঈফ আত্ তারগীব ১৪৫২, য'ঈফাহ্ ৫০৩। কারণ এর সনদে ইয়াযীদ বিন যিয়াদ আশ শামী মুনকিরুল হাদীস।

ব্যাখ্যা

ব্যাখ্যা : এ হাদীস থেকে সুস্পষ্টভাবে বুঝা যাচ্ছে যে, কোনো ব্যক্তিকে হত্যা করার ব্যাপারে হত্যাকারীকে কোনো প্রকার সাহায্য করা যাবে না। যদিও সে সাহায্য হোক সামান্য একটি কথা বা ইঙ্গিত। আর যদি কেউ এরূপ সাহায্য করে তবে উক্ত সাহায্যকারী কিয়ামত দিবসে আল্লাহর সামনে এমনভাবে উপস্থিত হবে যে, তার কপালে লিখা থাকবে (الْسَ مِنْ رَحْمَةِ الله) অর্থাৎ আল্লাহর রহমাত হতে নিরাশ।

ইমাম কুরতুবী (রহঃ) বলেন, শাক্কীক (রহঃ) বলেছেনঃ যদি কেউ হত্যাকারীকে উৎসাহিত করার জন্য اُقْتُلُ শব্দের نُوا পর্যন্তও উচ্চারণ করে তবুও ইঙ্গিতকারী হাদীসের ভাষ্য অনুযায়ী দোষী সাব্যস্ত হবে। (মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন